

জেলা সমবায় কার্যালয়, বগুড়া এর প্রশিক্ষণের তথ্য:

সমবায়ীগণের প্রশিক্ষণ:

বগুড়া জেলাধীন সকল নিবন্ধিত সমবায় সমিতির সদস্য অথবা ব্যবস্থাপনা কমিটির সদস্যগণ কে বিভিন্ন ট্রেডের উপর বাংলাদেশ সমবায় একাডেমীসহ দেশের ১০টি আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটে বিশেষ করে বগুড়া জেলার নিকটবর্তী আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, নওগাঁয় প্রশিক্ষণ দিয়ে থাকে। প্রতি ইংরেজী বৎসরের শুরুতে একাডেমী/ আঞ্চলিক ইনস্টিটিউট গুলো বৎসর ভিত্তিক ক্যালেন্ডার তৈরী করে থাকে। উক্ত ক্যালেন্ডারে জেলা ভিত্তিক বিভিন্ন ক্যাটাগরির সমিতির সদস্যগণের নামের তালিকা অন্তর্ভুক্ত করে থাকে। উক্ত তালিকা হতে সময়ে সময়ে পত্র যোগাযোগের মাধ্যমে সমবায়ীগণকে প্রশিক্ষণে আহ্বান করা হয়। প্রশিক্ষণকালে কর্তৃপক্ষ প্রশিক্ষণার্থীগণকে যাতায়াত ভাতাসহ থাকা ও খাবার ভাতা সরবরাহ করে থাকে। এছাড়াও জেলা সমবায় কার্যালয়, বগুড়া এর আয়োজনে প্রতিটি উপজেলায় সমবায় সমিতিতে একদিনের ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান করা হয়।

কর্মকর্তা/ কর্মচারীগণের প্রশিক্ষণ:

সমবায় অধিদপ্তরের বিভিন্ন শ্রেণীর কর্মকর্তা/কর্মচারীগণকে বিভিন্ন বিষয়ের উপর বাংলাদেশ সমবায় একাডেমীসহ দেশের ১০টি আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটে দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ প্রদান করে থাকে। এছাড়াও শ্রেণীভেদে বিপিএটিসি অথবা আরপিএটিসিতে প্রশিক্ষণ প্রদান করে থাকে।